রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ৩০, ২০১৪**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ অগ্রহায়ণ, ১৪২১ মোতাবেক ৩০ নভেম্বর, ২০১৪

নিম্নলিখিত বিলটি ১৬ অগ্রহায়ণ, ১৪২১ মোতাবেক ৩০ নভেম্বর, ২০১৪ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে ঃ—

## বা. জা. স. বিল নং ২৩/২০১৪

## বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। ২০১০ সনের ৫৪ নং আইনের ধারা ১ এর সংশোধন।**—বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর ধারা ১ এর উপ-ধারা (২) এ উল্লিখিত “৪(চার) বৎসর” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলির পরিবর্তে “৮(আট) বৎসর” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

বিদ্যুৎ ও জ্বালানীর ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে দ্রুত পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রণীত **"বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০"** এর মেয়াদ আগামী ১১ অক্টোবর ২০১৪ তারিখে শেষ হয়ে যাবে। কিন্তু দেশের বিদ্যুৎ ও জ্বালানীর ঘাটতি এখনও পুরোপুরি মেটানো সম্ভব হয়নি। বিদ্যুৎ ও জ্বালানীর চলমান ঘাটতি পূরণের লক্ষ্যে আরো কিছু প্রকল্প দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। সেজন্য আলোচ্য আইনের মেয়াদ বৃদ্ধি করা আবশ্যক।

২। উপর্যুক্ত উদ্দেশ্য পূরণকল্পে বিদ্যুৎ ও জ্বালানীর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে "বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) (সংশোধন) আইন, ২০১৪" শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হইল।

**নসরুল হামিদ**
ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী।

---

**প্রণব চক্রবর্তী**
অতিরিক্ত সচিব (আইপিএ)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd